

অলংকার – সম্বন্ধে সাধারণ আলোচনা উপস্থাপক – সোমা মুখোপাধ্যায়

1. শব্দালংকার
2. অর্থালংকার

সংজ্ঞা

- কাব্যে যে সমস্ত বহিরঙ্গ ও অন্তরঙ্গ উপাদান ধ্বনিঝংকার ও অর্থের ব্যঞ্জনায সৌন্দর্য সৃষ্টি করে এবং রসের উৎকর্ষ সাধন করে তাকে অলংকার বলে।

শব্দালংকার

1. অনুপ্রাস
2. যমক
3. শ্লেষ
4. বক্রোক্তি

শব্দালংকার

সংজ্ঞা

যে অলংকার ধ্বনির সৌন্দর্য বৃদ্ধি করে ও শ্রুতিমাধুর্য সৃষ্টি করে
এবং যার আবেদন মূলত কানের কাছে তাকেই বলে শব্দালংকার।

অনুপ্রাস

এক বা একরকম বর্ণ বা ধ্বনি যুক্তভাবে বা অযুক্তভাবে, একক বা গুচ্ছভাবে একাধিকবার উচ্চারিত হলে অনুপ্রাস অলংকার হয়।

উদাহরণ----- কুলায় কাঁপিছে কাতর কপোত
'ক'- ধ্বনি বারবার উচ্চারিত হচ্ছে।

অন্ত্যানুপ্রাস

অন্ত্যানুপ্রাস– মহাভারতের কথা অমৃতসমান।
কাশীরাম দাস কহে শুনে পুণ্যবান।।
(এখানে চরণান্তের সঙ্গে চরণান্তের মিল হচ্ছে।)

বৃত্ত্যনুপ্রাস

বৃত্ত্যনুপ্রাস- ১ একটিমাত্র ব্যঞ্জনবর্ণ মাত্র দু'বার ধ্বনিত হবে—

উদাহরণ: নাহি চাহি নিরাপদে রাজভোগ নব।

হ ' এবং র বর্ণ দুটি দু' বার ব্যবহার হয়েছে।

২ একটি ব্যঞ্জনবর্ণ দু' এর অধিক বা বহুবার ব্যবহার হবে।

উদাহরণ- কেন বাজাও কাঁকন কনকন কতো ছল ভরে।

এখানে ক এবং ন বর্ণ বহুবার ব্যবহার হয়েছে।

৩ ব্যঞ্জনবর্ণগুচ্ছ স্বরূপানুসারে মাত্র দু'বার ধ্বনিত হবে।

উদাহরণ- কবরী দিল করবী মালে ঢাকি।

বরী ও রবী র মধ্যে স্বরূপ সাদৃশ্য হয়েছে।

৪ ব্যঞ্জনবর্ণগুচ্ছ যুক্ত বা বিযুক্তভাবে ক্রমানুসারে বহুবার ধ্বনিত হলে।

উদাহরণ- নন্দ নন্দন চন্দ চন্দন

গন্ধ নিন্দিত অঙ্গ।- যুক্ত বর্ণ বহুবার ধ্বনিত হয়েছে।

ছেকানুপ্রাস

- দুই বা তার বেশি ব্যঞ্জনবর্ণ যুক্ত বা বিযুক্তভাবে ক্রমানুসারে মাত্র দু'বার ধ্বনিত হলে ছেকানুপ্রাস অলঙ্কার হয়।
- উদাহরণ- এখনি অন্ধ বন্ধ করো না ।
- ক্ল- ব্যঞ্জনবর্ণগুচ্ছ মাত্র দু'বার ধ্বনিত হয়েছে।

শ্রুত্যানুপ্রাস

- বাগযন্ত্রের একই স্থান থেকে উচ্চারিত ধ্বনিগুলির শ্রুতিগ্রাহ্য আবৃত্তি ঘটলে শ্রুত্যানুপ্রাস অলংকার হয়।
- উদাহরণ– খরবায়ু বয় বেগে
- চারিদিক ছায় মেঘে
- এখানে গ' এবং ঘ' ধ্বনিতে শ্রুত্যানুপ্রাস অলংকার হয়েছে।